দৈনিক
আমাদের সময়

তারিখ 05 MAY 2016
পৃষ্ঠা ৬ কলাম ৩

# কেরালায় অটোরিকশায় ছাত্রীকে ধর্ষণ

**আন্তর্জাতিক ডেস্ক ●**

ধর্ষণের চিহ্নসহ আইনের এক ছাত্রীর লাশ পাওয়ার কয়েকদিনের মধ্যেই ভারতের কেরালা রাজ্যে অপর এক ছাত্রী দলগত ধর্ষণের শিকার হলেন। গত মঙ্গলবার রাজ্যের রাজধানী তিরুবনন্তপুরমের কাছে ১৯ বছর বয়সী নার্সিংয়ের ওই ছাত্রীকে অটোরিকশার মধ্যে তার বন্ধু ও অপর এক ব্যক্তি ধর্ষণ করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। ওই ছাত্রী পুলিশকে জানিয়েছেন, তার বন্ধু শিজু (২৪) ও সুজিত (২৫) তাকে লাঞ্ছিত করেছেন। শিজুর অটোরিক্সায় এ ঘটনা ঘটে বলে অভিযোগে জানানো হয়েছে। এর আগে গত বৃহস্পতিবার ৩০ বছর বয়সী আইনের এক ছাত্রীকে পেরুম্বাভুরের নিজ বাড়িতে মৃত অবস্থায় পাওয়া যায়। এনডিটিভি।